উপজেলা পরিষদ
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।
www.atpara.netrokona.gov.bd

## এপ্রিল/২০২৪ মাসে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: খায়রুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| তারিখ ও সময় | : ২৯ এপ্রিল ২০২৪ খ্রি. বেলা : ১১.৩০ ঘটিকা। |

**পরিশিষ্ট 'ক' : সভায় উপস্থিত সদস্যদের তালিকা**

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব এম. সাজ্জাদুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের মার্চ/২০২৪ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. প্রাণিসম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী ২০২৪ সফলভাবে সম্পন্ন করার জন্য সবাইকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আরো জানান যে, বিনামূল্যে কৃমিনাশক বিতরণ, টাকা প্রদান ও স্বরমুশিয়া দারুল উলুম হাফিজিয়া মাদ্রাসায় ছাত্রদের ডিম খাওয়ানো হয়। বর্তমানে হিট স্ট্রোক এড়ানোর জন্য খামারীদের বিভিন্ন পরামর্শ দেওয়া হচ্ছে, যেমন ঘর ঠান্ডা রাখার ফ্যানের ব্যবস্থা রাখা, প্রচুর পানি পান করানো ইত্যাদি। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা |
| ০২. স্বাস্থ্য বিভাগ:<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, ভিআইএ ক্যাম্পেইন প্রতিমাসে ১ টি করে পরিচালিত হচ্ছে। হিট স্ট্রোক সম্পর্কে স্বাস্থ্যবার্তার লিফলেট বিতরণ ও স্বাস্থ্যবার্তা প্রচারনার কাজ চলমান। হাসপাতালের কেচি গেইটের বিকল্প রাস্তা নির্মাণের জন্য সম্মানিত সভাপতি মহোদয়কে বিনীত অনুরোধ করেন। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. কৃষি বিভাগ:<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে আউশের আবাদ বৃদ্ধির লক্ষ্যে কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়। এছাড়া বোরো মৌসুমে কাঙ্খিত ফলন ভাল হয়েছে ধান সংগ্রহের কাজ চলমান, দ্রুত ধান সংগ্রহের জন্য কৃষকদের সঠিক পরামর্শ চলমান রয়েছে।। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ:<br>উপজেলা প্রকৌশলী, আটপাড়া সভায়, এডিপি হতে নিম্ন বর্ণিত প্রকল্প সম্পাদনের প্রস্তাব করেন। এডিপি (থোক) যে সকল প্রকল্প E-GP তে টেন্ডার করা হয়েছে, তার তালিকা পরিশিষ্ট 'খ' সংযুক্ত এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান করা হবে। যদি এই অর্থ বছরে বরাদ্দ না পাওয়া যায়, তবে আগামী অর্থবছরে সমন্বয় করা হবে।<br>**প্রকল্প নাম** / **তহবিল** / **বরাদ্দ**<br>(১) রানিগাও তেলিপাড়া রাস্তা রিং ড্রেইন নির্মান। / এডিপি (থোক) / ১,০০,০০০/-<br>(৩)রানিগাও তেলিপাড়া রাস্তা ইউড্রেইন নির্মান। / এডিপি (থোক) / ১,০০,০০০/- | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের এডিপি থোক বরাদ্দের বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৪. ইউনিয়ন পরিষদ চেয়াম্যান (সকল) আটপাড়া, নেত্রকোণা। |

রোড ইনভেন্টরিতে নতুন রাস্তা সংযোজন।

| রাস্তার নাম | মন্তব্য |
|---|---|
| ১. লুনেশ্বর গঞ্জের বাজার হইতে বেপারী পাড়া জামে মসজিদ পর্যন্ত। | |
| ২. জয়নগর আশ্রয়ণ প্রকল্প হইতে বন্দের বাড়ি মসজিদ হইয়া এমদাদ নুরী বাড়ি পর্যন্ত রাস্তা। | |
| ৩. জয়নগর এমদাদ নুরী বাড়ি হইতে জয়নগর খালের উপর ব্রীজ পর্যন্ত রাস্তা। | |
| ৪. দেওগাও গোবিন্দপুর মোড় হইতে তালুকদার বাড়ি হইয়া দেওগাও সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা। | |
| ৫. দেওগাও গোবিন্দুপুর জামে মসজিদ হইতে দুলাল মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা। | |
| ৬. দেওগাও উচ্চ বিদ্যালয় হইতে দেওগাও মাইজপাড়া মেইন রোড পর্যন্ত রাস্তা। | |
| ৭. শিরালদী পাকা রাস্তা হইতে দেওগাও পূর্বপাড়া ব্রীজ পর্যন্ত রাস্তা। | |
| ৮. রাজাখালী ব্রীজের পূর্বপাড়া হইতে আহাম্মদ মাওলানার বাড়ি পর্যন্ত রাস্তা। | |
| ৯. রাজাখালী ব্রীজের পশ্চিম হইতে রমেল মেম্বারের বাড়ি পর্যন্ত রাস্তা। | |
| ১০. কাছুটিয়া বাজার হইতে কুতুবপুর মড়লবাড়ী জামে মসজিদ হইয়া আলীপুর পর্যন্ত রাস্তা। | |
| ১১. নারাচাতল ইছইল মাদরাসা হইতে সৈয়দপুর সরকারী প ্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা। | |
| ১২. কাছুটিয়া বাজার হইতে প্রতিবন্ধী বিদ্যালয় হইয়া সমাজ আমতলা রাস্তা পর্যন্ত রাস্তা। | |
| ১৩. রানীগাও নিতাইগঞ্জ বাজার হইতে তেলিপাড়া জামে মসজিদ পর্যন্ত রাস্তা। | |
| ১৪. বামুন্দি বাজার হইতে শিরালদী পর্যন্ত রাস্তা। | |
| ১৫. কাউপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় হইতে কুতুবপুর জয়তন মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা। | |
| ১৬. দৌলতপুর মেইন রোড হইতে আব্দুল আজিজ তালুকদারের বাড়ি পর্যন্ত রাস্তা। | |
| ১৭. দৌলতপুর মেইন রোড হইতে আ:হাই মাষ্টারের বাড়ি পর্যন্ত রাস্তা। | |
| ১৮. অতিথপুর ধলাই বাজার রাস্তা হইতে খিলা দক্ষিণপাড়া এলাজ তালুকদার বাড়ি পর্যন্ত রাস্তা। | |
| ১৯. আমতলা সমাজ রোড হইতে খলাপাল হইয়া ঘোড়াউত্রা নদী পর্যন্ত রাস্তা। | |
| ২০. আমতলা সমাজ রোড হইতে খিলা পূর্বপাড়া মান্নান মাষ্টারের বাড়ি পর্যন্ত রাস্তা। | |
| ২১. মল্লিকনগর হইতে গাবতলী বাজার পর্যন্ত রাস্তা। | |
| ২২. বামুন্দি থেকে অতিথপুর রাস্তার সংযোগ থেকে দৌলতপুর মামুনের বাড়ী পর্যন্ত ৫০০ মিটার রাস্তা। | |
| ২৩. আটপাড়া অভয়পাশা রাস্তা হইতে পাহাড়পুর বীরমুক্তিযোদ্ধা একলাছ উদ্দিনের বাড়ি হইয়া বীর মুক্তিযোদ্ধা আছাব উদ্দিন খান সাহেবের বাড়ি পর্যন্ত | |
| ২৪. আটপাড়া লালচান বাজার রাস্তায় মল্লিকপুর শুনই স্বপনের দোকান হইতে মুন্তু মেম্বারের বাড়ী হইয়া ডা: আলাছান্দো সাহেবের বাড়ী পর্যন্ত। | |
| ২৫.কানু দোকান এলজিইডির হতে বীর মুক্তিযোদ্ধা আব্দুল | |

| | | |
|---|---|---|
| হেকিমের বাড়ী পর্যন্ত ২১০০ মিটার রাস্তা।<br>২৬. শ্রীরামপুর হাসপাতাল রোড পূর্বপাড়া এলজিইডির হতে সাইরলি নদীর পাড় পর্যন্ত ৩০০ মিটার রাস্তা<br>২৭. শ্রীরামপুর প্রাথমিক বিদ্যালয় চন্দ্র কোনা এলজিইডির হতে আব্দুল হেকিমের বাড়ী পর্যন্ত ৩০০ মিটার।<br>এছাড়া তিনি তেলিগাতী বাজারে হাট বাজার উন্নয়ন প্রকল্পের বিজ্ঞাপন বিল বাবদ ৭৯৯৬/- (সাত হাজার নয়শত ছিয়ানব্বই) টাকা এবং এডিপি (থোক) প্রকল্পের বিজ্ঞাপন বিল বাবদ ১৩৮০০/- (তেরো হাজার আটশত) টাকা বিল প্রদানের বিষয়ে আলোচনা করেন। | | |
| ০৫. **পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. **মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, জেলার নির্দেশনা অনুযায়ী উপজেলার সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সংযুক্ত করে হোয়াটসঅ্যাপ গ্রুপ খোলা হয়েছে। প্রতিদিনের শিক্ষক উপস্থিতি/অনুপস্থিতি এবং ছাত্রছাত্রীদের উপস্থিতি/অনুপস্থিতির তথ্য উক্ত হোয়াটসঅ্যাপ গ্রুপের মাধ্যমে এবং গুগল লিংকের মাধ্যমে প্রধান শিক্ষকগণ প্রেরণ করেন। প্রাপ্ত তথ্য সমন্বিত করে প্রতিদিন জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হয়। | হোয়াটসঅ্যাপ গ্রুপ ও গুগল লিংকের মাধ্যমে প্রতিদিন শিক্ষক ও শিক্ষার্থীদের উপস্থিতি/অনুপস্থিতির তথ্য নির্দেশনা অনুযায়ী প্রতিদিন জেলা পর্যায়ে প্রেরণ করতে হবে এবং শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি করতে হবে। প্রধান শিক্ষকগণকে প্রতিদিনের উপস্থিতি/অনুপস্থিতির তথ্য প্রেরণে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. **শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |
| ০৯. **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ৪র্থ কিস্তির ভাতার টাকা ৩০ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখের মধ্যে ছাড়করণের নির্দেশনা এসেছে। এলক্ষ্যে প্রস্তুতি গ্রহণপূর্বক পেরোল প্রদানের কার্যক্রম চলমান আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া, নেত্রকোণা।<br>২. চেয়ারম্যান ..........(সকল) ইউনিয়ন পরিষদ, আটপাড়া। |
| ১০. **সমবায় বিভাগ:** উপজেলা সমবায়কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, তিনটি আশ্রয়ন প্রকল্প থেকে মোট ৫১৮০/- টাকা ঋণ আদায় করা হয়েছে। নিরীক্ষা ফি বাবদ ৮৬০/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ২২৪/- টাকা আদায় করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান জেলা কার্যালয়ে ০১ মে ২০২৪ তারিখ হতে গবাদি পশু পালনের প্রশিক্ষণ সম্পর্কে সকলকে অবগত করেন। এছাড়া নিয়মিত প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা যুব উন্নয়ন অফিসার,আটপাড়া,নেত্রকোণা।<br>০২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রোকণা। |
| ১২. **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋন বিতরণ ও আদায় কার্যক্রম অব্যহত আছে। এ মাসে ৭.৯৬ লক্ষ টাকা বিতরণ হয়েছে এবং ৬.২৮ লক্ষ টাকা আদায় হয়েছে। এ অর্থ বছরে ৪৯.১১ লক্ষ টাকা ঋণ বিতরণ হয়েছে এবং ৩৩.৬৫ লক্ষ টাকা আদায় হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১৩. **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তীব্র তাপদাহের কারণে পুকুরে মাছ ভেসে যাচ্ছে, অক্সিজেন স্বল্পতার কারণে মাছ মারা যচ্ছে। প্রতিকারের জন্য পানি পরিবর্তনের পরামর্শ | উপজেলা সকল পুকুরসহ প্রতিটি ইউনিয়নে পর্যায় ক্রমে পানি পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |

| | | |
|---|---|---|
| দেন। যে সকল পুকুরে মাছের ঘনত্ব বিশে সেসকল পুকুরে মাছের ঘনত্ব কমানোর পরামর্শ দেন। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৪. **মহিলা ও শিশু বিষয়ক বিভাগ:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডাব্লিউবি কার্যক্রম চলমান আছে। এপ্রিল মাসের ডিও আদেশ জারী করা হয়েছে । সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্য শস্য বিতরণের জন্য অনুরোধ করা হলো। মা ও শিশু সহায়তা ভাতা কার্যক্রম চলমান আছে। প্রতি ইউনিয়নে ৬ জন করে ভাতা ভোগী প্রতি মাসে উপকার ভোগী বির্বাচনের কার্যক্রম চলমান। প্রতিটি ইউনিযন পরিষদের কাছাকাছি প্রাথমিক বিদ্যালয়ে কিশোরকিশোরী ক্লাব চলমান আছে। প্রতিটি ক্লাবে ২০ জন ছাত্রী ও ১০ জন ছাত্র সচেতনতামূলক ও ক্যারাটে প্রশিক্ষণ গ্রহণ করা আসছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে কাজ চলমান। ২০২৩-২০২৪ অর্থবছরের কাজ চলমান।তেলিগাতী-০৫, লুনেশ্বের ০৫ এবং লুনেশ্বর-০৫ টি নলকূপের স্থান তালিকা পাওয়া যায়নি। প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের কাজ চলমান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬. **ইউজিডিপি প্রকল্প (জাইকা):** প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) |
| ১৭. **বিদ্যুৎ বিভাগ:** সহকারী জেনারেল ম্যানেজার সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৮. **খাদ্য বিভাগ:** কর্মকর্তা জানান যে, চলতি মাসে ভিজিডির চাহিদা পেয়েছেন। খাদ্যবান্দব কর্মসূচি এপ্রিল ২০২৪ মাসের বিতরণ শেষ হয়েছে। চলতি বোরো ধান এবং চালের বরাদ্দ পাওয়া যায়নি। তিনি আরো জানান যে, ধানের মূল্য প্রতি কেজি ৩২ টাকা এবং চালের মূল্য প্রতি কেজি ৪৫ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৯. **তথ্যআপা প্রকল্প:**<br>তথ্যসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ২০. **বিবিধ আলোচনা:**<br>(ক) জনাব মেহেদী হাসান, সাট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ কার্যালয়ের, আটপাড়া নেত্রকোণা তার চাকরির বয়স ১০ (দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেডে বেতন ভাতা মঞ্জুরের জন্য আবেদন করেন। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ শাখা, এর ২১.০৯.২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্র এবং স্থানীয় সারকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা এর ২৪.০৭.২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০(অংশ-১)-৩৫৩ নং স্মারক পত্রের আলোকে ৩১.০১.২০২২ তারিখ ১০ (দশ) বছর পূর্তি হওয়ায় এবং ০১.০২.২০২২ তারিখ ১১ (এগারো) বছরে পদার্পন করাল পরবর্তী উচ্চতর গ্রেড প্রধানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জনাব মেহেদী হাসান, সাট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ কার্যালয়ের, আটপাড়া নেত্রকোণা তার চাকরির বয়স ১০ (দশ) বছর পূর্তি হওয়ায় অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ শাখা, এর ২১.০৯.২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্র এবং স্থানীয় সারকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা এর ২৪.০৭.২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০(অংশ-১)-৩৫৩ নং স্মারক পত্রের আলোকে ০১.০২.২০২২ তারিখ ১১ (এগারো) বছরে পদার্পন করাল পরবর্তী উচ্চতর গ্রেড প্রধানের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **(খ) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:** উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল ০১ এপ্রিল ২০২৪ থেকে ৩০ | সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা। |

<table>
<tr>
<td>সম্পাদনের প্রস্তাব করেন। (১) এডিপি (থোক) এর বিজ্ঞাপন ব্যয়।<br>(গ) রাজস্ব তহবিল সংক্রান্ত: রাজস্ব তহবিল ০১ এপ্রিল ২০২৪ থেকে ৩০ এপ্রিল ২০২৪ পর্যন্ত পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৪,০০০</td></tr>
<tr><td>আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল</td><td>৩৫,০০০</td></tr>
<tr><td>মালী মে মাসের মজুরী প্রদান</td><td>১৭,০৫০</td></tr>
<tr><td>উপজেলা পরিষদ সুইপারে এপ্রিল ও মে মাসের মজুরী প্রদান</td><td>৩৩,৫৫০</td></tr>
<tr><td>পরিষদ জীপ গাড়ির জ্বালানি ব্যয় বিল</td><td>৫৪,৮১২</td></tr>
<tr><td>বিজ্ঞাপন ব্যয় বিল</td><td>২১৭৯৬</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>২,৫৬,২০৮/-</td></tr>
</table>
</td>
<td>এপ্রিল ২০২৪ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ২,৫৬,২০৮/- (দুই লক্ষ ছাপ্পান্ন হাজার দুইশত আট) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td>
<td></td>
</tr>
<tr>
<td>২১. চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, মোহনগঞ্জ উপজেলাধীন গোড়াউত্রা জলমহালের সাথে একই স্রোতধারার আটপাড়া উপজেলার দৌলতপুর রামচন্দ্রপুর খাল। দৌলতপুর রামচন্দ্রপুর খালটি নীতিমালা অনুসারে মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা প্রধান করা হয় এবং নিয়মানুসারে ইজারাদার সরকারি কোষাগারে ইজার মূল্যও পরিশোধ করেছেন। কিন্তু সম্প্রতি একটি মহল আটপাড়ার রামচন্দ্রপুরের অংশটি মোহনগঞ্জের গোড়াউত্রার সাথে একত্র করে নেয়ার চেষ্টা করছে। গোড়াউত্রা জলমহালের সাথে দৌলতপুর রামচন্দ্রপুর খালটি একত্রীকরণ করা হলে স্থানীয় আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নি হওয়ার সম্ভাবনা রয়েছে। আটপাড়ার অংশ আটপাড়া থেকে ইজারার প্রধানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>গোড়াউত্রা জলমহালটি আটপাড়া থেকে ইজারার প্রধানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br><br>সহকারী কমিশনার (ভূমি) আটপাড়া, নেত্রকোণা।</td>
</tr>
</table>

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৪- ২৭৮

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩০ / ২৯ এপ্রিল ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ......................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ......................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ......................................................

(এম. সাজ্জাদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা